গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-১

# সিলেট বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির ডিসেম্বর, ২০২০ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২১ ডিসেম্বর, ২০২০ খ্রি:, রোজ সোমবার |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | Zoom App এর মাধ্যমে Video Conference |
| উপস্থিতি | Zoom উপস্থিতি তালিকা |

সভাপতিVideo Conferenceএর মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচি অনুসারে সভার কার্যপত্রের বিষয়ে আলোচনায় অংশগ্রহণের জন্য সকল সদস্যকে অনুরোধ জানান।সভাপতির অনুরোধক্রমে সদস্য-সচিব আলোচ্যসূচি উপস্থাপন করেন। অতঃপর নিম্নলিখিত বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

**২.০বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**

গত ১৯ অক্টোবর ২০২০ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সম্পর্কে সভায় আলোচনা করা হয়। কার্যবিবরণীটিএ কার্যালয়ের ১০/১১/২০২০ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪৬.০০০০.০০৫.০৬.০০১.১৫.৮৬২ নং স্মারকে সংশ্লিষ্ট সকলের নিকট ই-নথি এবং ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন/সংযোজন না থাকায় তা দৃঢ় করা হয়।

**৩.০ বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কার্যক্রমের পর্যালোচনা ও বাস্তবায়ন অগ্রগতি:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| <u>৩.১.সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট জোন:</u><br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত মতে স্বাস্থ্যবিধি মেনে প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে এবং বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক-মহাসড়ক ও ব্রিজ মেরামত কাজ চলমান রয়েছে।অতিরিক্ত প্রধান প্রকৌশলী জানান যে, সুনামগঞ্জ জেলার পাগলা, জগন্নাথপুর, রানীগঞ্জ ও শাল্লা উপজেলার সড়ক উন্নয়ন কাজের টেন্ডার হয়ে গেছে। কাজের মেয়াদ ২০২২ সন পর্যন্ত বর্ধিত করা হয়েছে। সভায় সিলেট সিটি কর্পোরেশনের মধ্যে সড়ক-জনপথ বিভাগের রাস্তা মেরামতের বিষয় আলোচিত হয়। | (খ) বন্যা এবং অধিক বৃষ্টিপাতে ক্ষতিগ্রস্ত সড়ক-মহাসড়ক দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট।<br>(খ)অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সিলেট। |
| | (খ) সিসিক এর আওতায় সড়ক-মহাসড়ক সমন্বয়পূর্বক মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক<br>খ. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট। |

| | | |
|---|---|---|
| <u>৩.২.এলজিইডি, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে স্বাস্থ্যবিধি মেনে অসমাপ্ত প্রকল্পের কাজ চলমান রয়েছে। পর্যটন স্পটের লিংক রোডসমূহ নির্মাণ কার্যক্রম বিবেচনাধীন রয়েছে এবং উপজেলা রাস্তা গুলোর নির্মাণ কাজও চলমান রয়েছে।উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট জেলার তমাবিল রোডের সংস্কার কাজের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | (ক) পর্যটন স্পটের লিংকরোডগুলো গুরুত্বসহকারে অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করতে হবে।<br>(খ) উপজেলা রাস্তাগুলির কাজ দ্রুত সমাপ্ত করতে হবে। | (ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সিলেট। |
| <u>৩.৩.গণপূর্ত জোন, সিলেট:</u><br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জানান গত মাসের সভার সিদ্ধান্তমতে স্বাস্থ্যবিধি মেনে নির্মাণ/মেরামত কাজ চলমান রয়েছে। বিভাগীয় সদর দপ্তরের মেরামত কাজ করা হচ্ছে, তালিকা সংগ্রহ করে আরও কাজ করা হবে। সুনামগঞ্জ সার্কিট হাউসের কাজ চলমান রয়েছে। দোয়ারাবাজার মডেল মসিজদের নিচ দিয়ে গ্যাস সঞ্চালন লাইন সম্পর্কিত সমাধানের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়েছে এবং সমস্যা সমাধানের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | (ক) বিভাগীয় সদর দপ্তর এর ভবনসমূহে মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) সুনামগঞ্জ সার্কিট হাউজে গৃহীত উন্নয়ন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(গ) দোয়ারাবাজার মডেল মসজিদের নিচ দিয়ে গ্যাসপাইপ সম্পর্কিত সমস্যা সমাধানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক-খ) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, সিলেট।<br>(গ) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত/জেলা প্রশাসক, সুনামগঞ্জ/মহাব্যবস্থাপক, জালালাবদ গ্যাস |
| <u>৩.৪.পানি উন্নয়ন বোর্ড, সিলেট:</u><br>গত সভার সিদ্ধান্তমতে নদী-খাল এর বাধ মেরামত কার্যক্রম গ্রহণ অব্যাহত আছে। সভায় জানানো হয় যে, গত বছর ফসলরক্ষা বাঁধের কাজ মার্চ মাসে সমাপ্ত হলেও চূড়ান্ত বিলের জন্য বরাদ্দ পাওয়া যায় নভেম্বর মাসে। কাজের বিল দীর্ঘ সময় পর পাওয়ায় আগামীতে প্রকল্প বাস্তবায়নে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করবে মর্মে সভায় আশংকা ব্যক্ত করা হয়। যথাসময়ে অর্থ বরাদ্দ নিশ্চিতের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রধান প্রকৌশলীকে অনুরো করা হয়। | ক. ফসল রক্ষা বাঁধ নির্মাণ যথাযথভাবে ও নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>খ. যথাসময়ে আর্থিক বরাদ্দ নিশ্চিতের জন্য প্রয়োজনীয় যোগাযোগ ও সমন্বয় করতে হবে। | (১) প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট জোন।<br>(২) জেলা প্রশাসক, সুনামগঞ্জ |
| <u>৩.৫. বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্তমতে বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন রাখতে সর্বাত্মক চেষ্টা করা হচ্ছে। সিলেট শহর এলাকায় আন্ডার গ্রাউন্ড এ কাজ চলমান থাকায় শহরে কিছুটা বিদ্যুৎ প্রবাহে বিঘ্ন ঘটছে। সিলেটে বিদ্যুৎ বিভ্রাট কমানোর জন্য বিকল্প গ্রিড সাবস্টেশন প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | (ক) বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) বিকল্প গ্রিড সাবস্টেশন স্থাপনের উদ্যোগ গ্রহণের জন্য সচিব, বিদ্যুৎ বিভাগ বরাবর পত্র প্রেরণ করতে হবে। | (১) প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট |

| | | |
|---|---|---|
| <u>৩.৬. পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট:</u><br>সভার সিদ্ধান্ত মতে ঘন ঘন লোডশেডিং যাতে না হয় সে বিষয়েসতর্ক দৃষ্টি রাখা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। সভায় জানানো হয় যে, সুনামগঞ্জ মেডিক্যাল কলেজ হাসপাতালটি পল্লী বিদ্যুতায়ন বোর্ডের এর আওতাধীন এলাকায় হওয়া সত্ত্বেও বিদ্যুৎ উন্নয়ন বোর্ড উক্ত প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগের পদক্ষেপ গ্রহণ করছে। এতে অধিক্ষেত্র নিয়ে প্রশ্ন দেয়া দিয়েছে। | (ক) বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটলে স্থানীয় প্রশাসনকে অবহিত করতে হবে।<br>(গ) সুনামগঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালের বিদ্যুৎ সংযোগ সম্পর্কিত বিষয় সমন্বয় করার জন্য নিম্নলিখিত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়<br>অ. জেলা প্রশাসক, সুনামগঞ্জ-আহ্বায়ক<br>আ. সিভিল সার্জন, সুনামগঞ্জ<br>ই. নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ<br>ঈ. জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, সুনামগঞ্জ<br>উ. মেডিক্যাল কলেজ হাসপাতাল স্থাপন প্রকল্পের প্রতিনিধি | (১) প্রধান প্রকৌশলী, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট জোন।<br>(২) জেলা প্রশাসক, সুনামগঞ্জ। |
| <u>৩.৭.আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট:</u><br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্তমতে স্থানীয় প্রশাসনের সহযোগিতায় খাদ্য সংগ্রহ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ভবিষ্যতে যথাযথ প্রক্রিয়ায় খাদ্য সংগ্রহ কার্যক্রম নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | খাদ্য শস্য সংগ্রহ নিশ্চিতের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। | (ক) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট অঞ্চল, সিলেট।<br>(খ) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার। |
| <u>৩.৮.সিলেট সিটি কর্পোরেশন:</u><br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্তমতে বকেয়া বিদ্যুত বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। আইএমইডি'র প্রতিনিধি জানান যে সিটি কর্পোরেশনের নবনির্মিত ট্রাক টার্মিনাল যৎসামান্য পরিমাণে ব্যবহৃত হচ্ছে। | (ক) বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) সিটি কর্পোরেশনের ট্রাক টার্মিনালের যথাযথ ব্যবহার নিশ্চিতের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | (ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।<br>(খ) প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট। |

| | | |
|---|---|---|
| <u>৩.৯.কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট:</u><br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত মতে ফসল উৎপাদন বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত আছে। গত বছর কম্বাইন্ড হার্ভেস্টার হাওরের ফসল আহোরণে বিশেষ সহায়ক ভূমিকা পালন করেছে। এ বছর হাওরের ফসল কাটার সময় কম্বাইন্ড হার্ভাস্টরের যথাযথ ব্যবহার নিশ্চিতের লক্ষ্যে পূর্বপ্রস্তুতি গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) ফসল উৎপাদন বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(খ) উৎপাদিত ফসলের বাজার নিশ্চিতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) হাওরের ফসল আহোরণে কম্বাইন্ড হার্ভাস্টারের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতের লক্ষ্যে পূর্বপ্রস্তুতি গ্রহণ করতে হবে। | (১) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার<br>(২) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট। |
| <u>৩.১০.বিএডিসি (ক্ষুদ্রসেচ), সিলেট:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে বিএডিসি'র শ্রীমঙ্গল এবং বানিয়াচং উপজেলায় পুরাতন পরিত্যক্ত গুদাম ভেঙ্গে নতুন গুদাম তৈরির বিষয়ে কার্যক্রম চলমান আছে। জায়গা নিয়ে কিছু সমস্যা থাকায় বিষয়টি এখনো নিষ্পত্তি হয়নি। বিভিন্ন স্কিমে বিদ্যুৎ সংযোগ এখনো বাকি রয়েছে। | (ক) শ্রীমঙ্গল ও বানিয়াচং উপজেলায় পুরাতন পরিত্যক্ত গুদাম বিধিমোতাবেক ভেঙ্গে নতুন গুদাম নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(খ)বিভিন্ন স্কিমে বিদ্যুৎ সংযোগ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. জেলা প্রশাসক, মৌলভীবাজার/ হবিগঞ্জ<br>২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), বিএডিসি, সিলেট সার্কেল, সিলেট ও<br>৩. জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |
| <u>৩.১১.স্বাস্থ্য বিভাগ, সিলেট:</u><br>অনুপস্থিতির কারণে বিস্তারিত আলোচনা করা গেল না। | (ক) করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে মাস্ক পরিধান বিষয়ে প্রাচরণা ও অন্যান্য কার্যক্রম জোরদার করতে হবে।<br>(খ) করোনা দ্বিতীয় দফা সংক্রমণ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। | (ক) পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট।<br>(খ) জেলা প্রশাসক (সকল) |
| <u>৩.১২.জনস্বাস্থ্য প্রকৌশলঅধিদপ্তর, সিলেট:</u><br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত মতে প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণে শিক্ষা বিভাগের সাথে সমন্বয় করা হচ্ছে। | (ক) প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিতব্য ওয়াশ ব্লক স্থাপনের বিষয়ে প্রাথমিক শিক্ষা বিভাগের সাথে সমন্বয় করতে হবে। | (১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সার্কেল। |

| | | |
|---|---|---|
| ৩.১৩. প্রানিসম্পদ অধিদপ্তর, সিলেট:<br>কেউ উপস্থিত না থাকায় বিস্তারিত আলোচনা করা গেল না। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণসহ সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, সিলেট। |
| ৩.১৪. মৎস্য অধিদপ্তর, সিলেট:<br>সভায় জানানো হয় এ বিভাগে মৎস্য অধিদপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট। |
| ৩.১৫. আঞ্চলিক পরিচালকের দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, সিলেট অঞ্চল:<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে বিসিসির চলমান প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | (১) বিসিসি, সিলেট অঞ্চল, সিলেট। |
| ৩.১৬. বিটিসিএল, সিলেট:<br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্তমতে সিলেট শহরে ওয়াইফাই সেবা প্রদান অব্যাহত রয়েছে। নেটওয়ার্ক আপ-ডাউনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) শহরে ফ্রি ওয়াই-ফাই সেবা প্রাদন নিশ্চিত করতে হবে। | (ক) প্রধান কর্মাধ্যক্ষ,সিলেট টেলিযোগাযোগ অঞ্চল, সিলেট। |
| ৩.১৭. মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, সিলেট বিভাগ:<br>গত সভার সিদ্ধান্ত মতে বার্ষিক মূল্যায়ন হিসেবে এসাইনমেন্ট গ্রহণ চলছে। আগামী ১ জানুয়ারি বই উৎস উপলক্ষ্যে নির্দেশনা পাওয়া সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে। | সরকারি নির্দেশনা মতে বই উৎসব/বই বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল। |
| ৩.১৮. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সিলেট বিভাগ:<br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্তমতে বিদ্যালয় বন্ধ থাকাকালীন নির্মাণ/মেরামত কাজ চলমান রয়েছে। | যথাযথ স্বাস্থ্যবিধি মেনে প্রাথমিক বিদ্যালয়সমূহের অসমাপ্ত উন্নয়ন ও মেরামত কাজ সম্পন্ন করতে হবে। | (১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, সিলেট অঞ্চল।<br>(২) উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট |
| ৩.১৯. বিআরডিবি, সিলেট:<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্তমতে ঋণ আদায় ও বিতরণসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | (ক) উপপরিচালক, বিআরডিবি, সিলেট। |
| ৩.২০. বিভাগীয় পরিবার পরিকল্পনা অফিস, সিলেট:<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে স্বাস্থ্যবিধি মেনে পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে পরিবার পরিকল্পনার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা অফিস, সিলেট বিভাগ, সিলেট। |
| ৩.২১. ভোক্তা অধিকার সংরক্ষণ সংক্রান্ত :<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে স্বাস্থ্যবিধি মেনে ভোক্তা অধিকার সংরক্ষণের কার্যক্রম চলমান রয়েছে। | স্বাস্থ্যবিধি মেনে বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে। | (১) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।<br>(২) উপপরিচালক, বিভাগীয় ভোক্তা অধিকার সংরক্ষণঅধিদপ্তর, সিলেট। |

| | | |
|---|---|---|
| ৩.২২. পরিবেশ অধিদপ্তর, সিলেট:<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে সিলেট বিভাগ পরিবেশ অধিদপ্তরের কার্যক্রম ও অভিযান চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে পরিবেশ অধিদপ্তরের টাস্কফোর্স অভিযান অব্যাহত রাখতে হবে। | (১) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগ। |
| ৩.২৩.বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সিলেট:<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে তামাবিল সংলগ্ন বন ভূমি দখল মুক্ত রাখার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। বিভাগীয় বনকর্মকর্তা জানান যে বনভূমির অভ্যন্তরে কিছু অবৈধ স্থাপনায় বিদ্যুৎ সংযোগ প্রদান করা হচ্ছে। তিনি বনভূমির অভ্যন্তরস্থ অবৈধ স্থাপনায় বিদ্যুৎ সংযোগ প্রদান না করার জন্য অনুরোধ করেন। | বনভূমির অভ্যন্তরে অবৈধ স্থাপনায় বিদ্যুৎ সংযোগ বন্ধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক. বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট।<br>খ. জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ৩.২৪.বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট:<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে পাসপোর্ট অফিসকে দালালমুক্ত রাখা হচ্ছে, পাসপোর্ট সম্পর্কিত প্রতিবেদন নিয়মিত প্রেরণ করা হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট। |
| ৩.২৫. জোনাল সেটেলমেন্ট অফিস, সিলেট:<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে চূড়ান্ত প্রকাশিত ভলিউম ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্টদের নিকট প্রেরণ কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | জোনাল সেটেলমেন্ট অফিসার, সিলেট জোন, সিলেট। |
| ৩.২৬.বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট:<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে ভাতাসমূহ অনলাইনে সরাসরি সেবাগ্রহীতার নিকট প্রেরণের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া মুক্তিযোদ্ধাদের অনলাইন তালিকা হালনাগাদ কার্যক্রম চলমান। | (ক) মুক্তিযোদ্ধাভাতাসহ সকল প্রকার ভাতা ক্রমান্বয়ে অনলাইন পদ্ধতিতে সরাসরি গ্রাহকের নিকট পৌঁছানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।<br>(খ) মুক্তিযোদ্ধাদের অনলাইন তালিকা দ্রুত হালনাগাদ করতে হবে। | (১) পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট।<br>(২) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ। |
| ৩.২৭.বিভাগীয় সমবায় অফিস, সিলেট:<br>যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস সভায় জানান যে ইতিপূর্বের সভার সিদ্ধান্ত মতে অনাবাদি জমি আবাদে সমবায়ীগণ ভূমিকা রেখেছেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় |
| ৩.২৮. বিভাগীয় পরিসংখ্যান অফিস, সিলেট:<br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত মতে স্বাস্থ্য বিধি মেনে শুমারি ও তার বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে ও মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী শুমারিসহ এবং অন্যান্য কাজ অব্যাহত রাখতে হবে। | যুগ্ম পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, সিলেট। |

| | | |
|---|---|---|
| <u>৩.২৯. উপপরিচালক (বীজ ও সার বিপনন), বিএডিসি, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে সার ও বীজ সরবরাহের কার্যক্রম চলমান রয়েছে। সভায় বোরো মৌসুমে হাওর অঞ্চলে আগাম জাত ধানের বীজ সরবরাহ ও চাষ নিশ্চিতের বিষয়ে আলোচিত হয়। | বোরো মৌসুমে হা্ওর অঞ্চলে আগাম জাতের ধানের বীজ সরবরাহ ও চাষ নিশ্চিতের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ক. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর<br>খ. উপ পরিচালক (বীজ ও সার বিপনন), বিএডিসি, কদমতলী সিলেট। |
| <u>৩.৩০.কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে ফল ও সবজি প্রক্রিয়াজাতকরণ ও বাজার ব্যবস্থাপনাবিষয়ক প্রশিক্ষণ প্রদানসহ কৃষকদেরকে উদ্বুদ্ধকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট। |
| <u>৩.৩১. জাতীয় সঞ্চয় অধিদপ্তর, সিলেট</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে অনলাইন ও ম্যানুয়াল পেমেন্ট কার্যক্রম চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে অনলাইন এবং ম্যানুয়েল পেমেন্ট কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১।জাতীয় সঞ্চয় অধিপ্তর, সিলেট। |
| <u>৩.৩২. জেলা পরিষদ, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে জেলা পরিষদের উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে চলমান উন্নয়ন প্রকল্পসমুহের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১-৪।প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার/সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ |
| <u>৩.৩৩.বিভাগীয় ফায়ার সার্ভিস অফিস, সিলেট:</u><br>উপ-পরিচালক, ফায়ার সার্ভিস, সিলেট জানান গত সভার সিদ্ধান্ত মতে তার বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | (ক) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপপরিচালক, ফায়ার সার্ভিস, সিলেট |
| <u>৩.৩৪.বিভাগীয় আনসারভিডিপি অফিস, সিলেট</u><br>উপপরিচালক, বিভাগীয় আনসার ভিডিপি, সিলেট জানান গত সভার সিদ্ধান্ত মতে তার বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | (ক) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ১।উপপরিচালক, বিভাগীয় আনসার, ভিডিপি, সিলেট। |
| <u>৩.৩৫. মোট্রোপলিটন পুলিশ কমিশনার, সিলেট:</u><br>মোট্রোপলিটন পুলিশ এর কার্যক্রম সম্পকে সভায় আলোচনা করা হয়। পুলিশ কমিশনার, সিলেট বলেন, সরকারের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। কোন কাজে পুলিশের প্রয়োজন হলে পুলিশ সহায়তা দিতে সর্বদা প্রস্তুত রয়েছে। টিসিবি এবং ওএমএস বিতরণে পর্যাপ্ত পুলিশ রয়েছে। সভাপতি স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানান। | (ক) স্বাস্থ্যবিধি মেনে চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট |

| | | |
|---|---|---|
| <u>৩.৩৬.ইসলামিক ফাউন্ডেশন, সিলেট:</u><br>পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট বিভাগ জানান গত সভার সিদ্ধান্ত মতে তার বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। স্বাস্থ্য বিধি মেনে ইমাম প্রশিক্ষণ কার্যক্রম চালু হচ্ছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১।পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট। |
| <u>৩.৩৭. জালালাবাদ গ্যাস:</u><br>জালাবাদ গ্যাসের প্রতিনিধি জানান যে, রাজনগর-চাঁদনীঘাট রাস্তা সংলগ্ন গ্যাস লাইন স্থাপনের জন্য সড়ক ও জনপথ বিভাগের নিকট জানুয়ারি মাসে ডিমান্ড নোট দেয়া হয়েছিল। অনুমোদন না পাওয়ায় গ্যাস লাইনে কাজ করা যাচ্ছে না। | রাজনগর-চাঁদনীঘাট রাস্তা সংলগ্ন গ্যাস লাইন স্থাপনে প্রয়োজনীয় সমন্বয় করতে হবে। | ক. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ<br>খ. জেলা প্রশাসক, মৌলভীবাজার<br>গ. মহাব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সিলেট |
| <u>৩.৩৮. বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ:</u><br>আইএমইডি এর প্রতিনিধি সভায় জানান যে, বিভিন্ন বিভাগের প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত তথ্য আইএমইডি কর্তৃক তত্ত্বাবধান করা হয়। সভার পূর্বে এ সকল প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত তথ্য সংগ্রহ করা প্রয়োজন। সড়ক ও জনপথ বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলী জানান যে, কোন কোন প্রকল্প সরাসরি বিভাগীয় দপ্তরের অধীন নয়, প্রকল্প সম্পর্কিত তথ্য হয়তো একই মন্ত্রণালয়ের অধীন অন্য দপ্তর বা সংস্থা থেকে সংগ্রহ করতে হবে। কোন্ কোন্ প্রকল্পের তথ্য প্রয়োজন সে তালিকা পাওয়া গেলে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা থেতে তথ্য সংগ্রহ করা যেতে পারে। | ক. আইএমইডি কর্তৃক তত্ত্বাবধানকৃত প্রকল্পের তালিকা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের নিকট প্রেরণ করতে হবে।<br>খ. বিভাগীয় প্রধানগণ আইএমইডি’র তালিকাভুক্তি প্রকল্পের হালনাগাদ তথ্য সংগ্রহ করে আইএমইডি’র প্রতিনিধি এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন। | ক. প্রতিনিধি, আইএমইডি<br>খ. সংশ্লিষ্ট বি<br>ভাগীয় |

৪.০ গত মাসে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন নিশ্চিত করায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং পরবর্তী সভার সিদ্ধান্তসমূহের ক্রমাগত বাস্তবায়ন অব্যাহত রাখার বিষয়ে অনুরোধ জানান।সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.০৬.০০১.১৫.১৮

তারিখ: ২৬ পৌষ ১৪২৭
১০ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সিলেট বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সদস্য

৩) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার